

■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৬২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৫৬০]

৬০/ কুরবানী (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ২২১৫. সালাত (ঈদের) আদায়ের পরে যবাহ করা

بَابَ الذَّبْحِ بَعْدَ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا حَاجَجُ بْنُ الْمِنَاهَلِ، حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ أَخْبَرَنِي زُبِيدٌ، قَالَ سَمِعْتُ الشَّعْبِيَّ، عَنِ الْبَرَاءِ - رضي الله عنه - قَالَ سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَقَالَ "إِنَّ أَوَّلَ مَا نَبْدَأُ مِنْ يَوْمٍ نَّا هَذَا أَنْ نُصَلِّيَ، ثُمَّ نَرْجِعَ فَنَحْرَ، فَمَنْ فَعَلَ هَذَا فَقَدْ أَصَابَ سُنْنَتَنَا، وَمَنْ نَحَرَ فَإِنَّمَا هُوَ لَحْمٌ يُقَدِّمُهُ لِأَهْلِهِ، لَيْسَ مِنَ النُّسُكِ فِي شَيْءٍ". فَقَالَ أَبُو بُرْدَةَ يَا رَسُولَ اللَّهِ ذَبَحْتُ قَبْلَ أَنْ أُصَلِّيَ، وَعِنْدِي جَذَعَةُ خَيْرٍ مِنْ مُسِنَّةٍ. فَقَالَ "اجْعَلْهَا مَكَانَهَا، وَلَنْ تَجْزِي أَوْ تُوْفِيَ عَنْ أَحَدٍ بَعْدَكَ".

বাংলা

৫১৬২। হাজ্জাজ ইবনু মিনহাল (রহঃ) ... বারা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বললেন, আমি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে খুতবা দেওয়ার সময় বলতে শুনেছি আমাদের আজকের এই দিনে সর্ব প্রথম আমরা যে কাজটি করবো তা হল সালাত (নামায/নামাজ) আদায়। এরপর আমরা ফিরে গিয়ে কুরবানী করবো। যে ব্যাক্তি এভাবে করবে সে আমাদের সুন্নাতকে অনুসরণ করবে। আর যে ব্যাক্তি পূর্বেই যবাহ করে তা তার পরিবার পরিজনের জন্য অগ্রিম মাংস (হিসেবে গণ্য), তা কিছুতেই কুরবানী বলে গণ্য নয়। তখন আবু রুবদা (রাঃ) বললেনঃ ইয়া রাসুলুল্লাহ! আমি সালাত আদায়ের পূর্বেই যবাহ করে ফেলেছি এবং আমার কাছে একটি বকরীর বাচ্চা আছে। যেটি পূর্ণ এক বছরের বকরীর চাইতে উত্তম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি সেটিকে কুরবানী কর। তোমার পরে এ নিয়ম আর কারো জন্য প্রযোজ্য হবে না কিংবা তিনি বলেছেনঃ আদায় যোগ্য হবে না।

English

Narrated Al-Bara':

I heard the Prophet (ﷺ) delivering a sermon, and he said (on the Day of 'Id-Allah. a), "The first thing we will do on this day of ours is that we will offer the 'Id prayer, then we will return and slaughter our sacrifices; and whoever does so, then indeed he has followed our tradition, and whoever slaughtered his sacrifice (before the prayer), what he offered was just meat that he presented to his family, and that was not a sacrifice." Abu Burda got up and said, "O Allah's Messenger (ﷺ)! I slaughtered the sacrifice before the prayer and I have got a Jadha'a which is better than an old sheep." The Prophet (ﷺ) said, "Slaughter it to make up for that, but it will not be sufficient for anybody else after you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশার: ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারী: বারাদ্বা ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5806>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন